# যশোর বোর্ড-২০১৭

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ নন্দীপুর এলাকার চেয়ারম্যান মানিক সরকার। সম্প্রতি তার বাবার মৃত্যুর পর কুলখানিতে দশ গ্রামের মানুষকে দাওয়াত করে খাওয়ালেন। সবাই প্রাণভরে দোয়া করে গেল। কদিন পরেই মারা গেলেন ঐ এলাকার দরিদ্র বর্গাচাষি হরিপদ বিশ্বাস। বাবার মৃত্যুশোক এবং সৎকারের চিন্তায় তার একমাত্র মেয়ে দীপালি কান্নায় ভেঙে পড়ল। পিতৃহারা অসহায় কিশোরীর শোকের মাতমে এলাকার বাতাস ভারী হয়ে উঠল। খবর পেয়ে হরিপদের বাড়িতে ছুটে গেলেন মানিক সরকার। মেয়েকে বুকে জড়িয়ে সান্ত্বনা দিলেন এবং তাদের ধর্মীয় বিধি-বিধান অনুসারে হরিপদের সৎকারের সুব্যবস্থা করলেন।

ক. কলকাতা বিশ্ববিদ্যালয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে কোন পদক প্রদান করেছিল? ১

খ. অভাগীর জীবন নাট্যের শেষ অঙ্ক বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের বক্তব্য 'অভাগীর স্বর্গ' গল্পের যে ভাবের সাথে বৈসাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ঠাকুর দাস মুখয্যে ও অধর রায় যদি চেয়ারম্যান সাহেবের মানসিকতা ধারণ করতেন, তাহলে 'অভাগীর স্বর্গ' গল্পের পরিণতি অন্যরকম হতো— তুমি কি এর সাথে একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

২.▶ দৈনিক প্রথম আলোর খবর: বিশ্বমানচিত্রে উন্নয়নশীল দেশ হিসেবে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। আর এ উন্নয়নে সবচেয়ে বেশি অবদান রাখছে পোশাকশিল্প ও বিদেশে কর্মরত অগণিত নারী-পুরুষ শ্রমিক। সূত্র মতে— আট ঘণ্টার পরিবর্তে দশ-পনের ঘণ্টা হাড়ভাঙা খাটুনি দিয়ে পোশাক শ্রমিকরা যে বস্ত্র উৎপাদন করছে তা বিদেশে রপ্তানি করে আমরা প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করছে। অন্যদিকে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশি দরিদ্র নারী-পুরুষরা মাথার ঘাম পায়ে ফেলে যে অর্থ উপার্জন করছে, তা রেমিটেন্স হিসেবে দেশে পাঠিয়ে দেশের অর্থনীতিকে চাঙ্গা করছে। অথচ এসব শ্রমিকদের জীবনমানের তেমন কোনো পরিবর্তন হয়নি। সামাজিকভাবে আজও তারা অবজ্ঞা-অবহেলার শিকার। দেশের অর্থনীতির চাকা ঘুরিয়ে দিলেও তাদের ভাগ্যের চাকা ঘোরেনি।

ক. কাজী নজরুল ইসলামকে কোথায় সমাহিত করা হয়? ১

খ. 'এমনি করিয়া এই উপেক্ষিত শক্তির বোধন কর' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের শ্রমিকশ্রেণি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকের শ্রমিকশ্রেণির ভাগ্যের চাকা ঘুরাতে কাজী নজরুল ইসলামের পরামর্শ কতটা কার্যকর তা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ▶ বাঁধন বিধবা মায়ের একমাত্র সন্তান। সে ভীষণ ডানপিটে। সারাক্ষণ টো টো করে ঘুরে বেড়ানোই তার প্রধান কাজ। তাকে দেখা যায় কখনো নদীর তীরে, কখনো বনে-বাদাড়ে। কার বাগানে আনারস পেকেছে, কলা হলুদ রং ধারণ করেছে, কোন গাছের আম খেতে ভারি মিষ্টি— এ খবর বাঁধনের চেয়ে আর কেউ ভালো জানে না। তার উৎপাতে সবাই অতিষ্ঠ। তার বিরুদ্ধে প্রতিবেশিদের অভিযোগ কোনো নতুন বিষয় নয়। সবকিছু মিলিয়ে তার মা সারাক্ষণ ভীষণ উদ্বিগ্ন থাকেন।

ক. দুর্গার বয়স কত? ১

খ. 'হাবা একটা কোথাকার, যদি এতটুকু বুদ্ধি থাকে।'— দুর্গা একথা বলেছিল কেন? ২

গ. উদ্দীপকের বাঁধনের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'আম আঁটির ভেঁপু' গল্পের আংশিক ভাব প্রকাশ করেছে, সমগ্র ভাবটি আরও ব্যাপক— যুক্তিসহ বুঝিয়ে লেখো। ৪

৪. ▶ দরিদ্র পরিবারের সন্তান ইউসুফ তার দূর সম্পর্কের আত্মীয় ওয়াজেদ চৌধুরীর বাসায় থেকে পড়াশোনা করে। চৌধুরী সাহেবের বিশাল ব্যবসা, বিশাল আভিজাত্য। প্রত্যেক সন্তানের নামে ব্যাংকে কোটি কোটি টাকার ডিপোজিট। দামী গাড়ি ছাড়া সাধারণ কোনো গাড়িতে তারা চড়ে না। বন্ধু-আড্ডা-গান-ক্লাব-পার্টি এসব নিয়েই তাদের দিনরাত্রি। উর্ধ্বতন কর্তাদের হাত করে চৌধুরী সাহেব তার এসব ঠিক রাখেন। প্রথম প্রথম ইউসুফ এসব দেখে বিস্মিত হতো। এখন সয়ে গেছে। সে তার মতো বিশ্ববিদ্যালয়ে আর পড়ালেখা নিয়ে ব্যস্ত থাকে। চৌধুরীদের কোনো কিছুই ওকে আকৃষ্ট করে না। বরং ভাবে— মানুষ এমন হয় কেন?

ক. 'ক্ষুৎপিপাসা' শব্দের অর্থ কী? ১

খ. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে 'ওপর থেকে টান' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের ইউসুফের মানসিকতা আমাদেরকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন্ দিকটিকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. চৌধুরী সাহেবের মতো লোকদের জন্য 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী কী বার্তা দিয়েছেন? বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — পদ্য

৫. ▶ বিশ শতকের স্পেনীয় চিত্রশিল্পী পাবলো পিকাসো চিত্রকলার ক্ষেত্রে একটি অবিস্মরণীয় নাম। ছবিতে বিমূর্ততা সঞ্চার এবং ত্রিমাত্রিকতা যোজনা করাই ছিল তার চিত্রের মূল লক্ষ্য। অর্থাৎ তাঁর একটি ছবিকে বহু দৃষ্টিকোণ থেকে বিবেচনা করা যায়। 'গ্যের্নিকা' নামে তাঁর একটি বিখ্যাত চিত্রকর্মে তিনি স্পেনের গৃহযুদ্ধের মর্মান্তিকতা এবং সাধারণ মানুষের যন্ত্রণা ও অসহায়ত্বকে তুলে ধরেছেন।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলা জন্মতারিখ লেখো। ১

খ. 'নব নব সংগীতের কুসুম ফোটাই'— বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে 'প্রাণ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকটি যেন রবীন্দ্রনাথ ঠাকুরের অনুভূতিকেই ধারণ করে আছে— উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ মাদল বাজিয়ে এলো বাদল মেঘ এলোমেলো
মাতলা হাওয়া এলো বলে।
ময়ূরী নাচে কালো জামের গাছে
পিয়া পিয়া বন পাপিয়া
ডাকে গো আপন মনে॥
বেত-বনের আড়ালে ডাহুকী ডাকে
ডাকে না এমন দিনে কেহ আমাকে,
বেণীর বিনুনী খুলে পড়ে
একলা মন টেকে না ঘরের কোণে॥

ক. কবি ফররুখ আহমদ এর কাব্য সৃষ্টির প্রেরণা কী ছিল? ১
খ. বৃষ্টিকে 'বহু প্রতীক্ষিত' বলা হয়েছে কেন? ২
গ. বেত-বনের আড়ালে ডাহুকী ডাকে
ডাকে না এমন দিনে কেহ আমাকে— উদ্দীপকের এই বক্তব্যের সাথে 'বৃষ্টি' কবিতার সাদৃশ্য তুলে ধরো। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'বৃষ্টি' কবিতার ভাবগত মিল থাকলেও গঠনগত মিল নেই— তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ বিপথগামী কিছু সেনা কর্মকর্তা সম্প্রতি তুরস্কে সেনা অভ্যুত্থান ঘটানোর চেষ্টা করে। মধ্যরাতে তারা ভারী অস্ত্র-শস্ত্রসহ ট্যাঙ্ক, কামান, জঙ্গি বিমান ইত্যাদি নিয়ে আক্রমণ চালিয়ে রাজধানী শহরসহ রেডিও ও টেলিভিশন স্টেশন দখল করে নেন। দেশটির প্রেসিডেন্ট রিসেপ তায়েপ এরদোগান সে সময় অন্য একটি শহরে অবস্থান করছিলেন। অভ্যুত্থানের খবর শুনে তাৎক্ষণিক তিনি তাঁর স্মার্ট ফোনে একটি ভিডিও বার্তা রেকর্ড করে ইন্টারনেটে ছেড়ে দেন এবং এতে তিনি দেশপ্রেমিক জনগণকে অভ্যুত্থানের বিরুদ্ধে রুখে দাঁড়াতে আহ্বান জানান। সঙ্গে সঙ্গে হাজার হাজার মানুষ তার আহ্বানে উদ্বুদ্ধ হয়ে রাতের অন্ধকার ছাপিয়ে রাস্তায় নেমে আসে এবং অভ্যুত্থান ব্যর্থ করে দেয়।

ক. ছোটদের জন্য লেখা নির্মলেন্দু গুণের গ্রন্থটির নাম কী? ১
খ. 'কবির বিরুদ্ধে কবি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সাথে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'জাতির ক্রান্তিলগ্নে এরদোগানের চেয়ে বঙ্গবন্ধুর অবদান অনেক ব্যাপক ও বিস্তৃত'— উদ্দীপক ও 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮. ▶ সেপ্টেম্বর হায় একাত্তর, ঘর ভেঙে গেছে যুদ্ধের ঝড়ে,
যশোর রোডের দুধারে মানুষ এত এত লোক শুধু কেন মরে।
শত শত চোখ আকাশটা দেখে শত শত শিশু মরে গেল,
যশোর রোডের যুদ্ধ ক্ষেত্রে ছেঁড়া সংসার সব এলোমেলো।

ক. 'হাঙর নদী গ্রেনেড' উপন্যাসটি কার লেখা? ১
খ. মতিউর বুধাকে চিবিয়ে খেতে চেয়েছে কেন? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে মুক্তিযুদ্ধের মর্মান্তিক দিক প্রকাশিত হলেও বীর বাঙালির সংগ্রামী চিত্র 'কাকতাড়ুয়া' উপন্যাসের মতো প্রকাশিত হয়নি— যুক্তিসহ মূল্যায়ন করো। ৪

৯. ▶ এপ্রিলের মাঝামাঝি সময় পাকবাহিনী ঘাঁটি বাঁধে থানা সদরে। পাকা সড়ক দিয়ে ঢুকে পড়ে গ্রামে। জ্বালিয়ে দেয় গ্রাম আর খুঁজে বেড়ায় যুবকদের। গ্রামবাসী ভয়ে তটস্থ থাকে। অবস্থা বেগতিক বুঝতে পেরে আক্কেল মাতব্বর গ্রামের মুরুব্বিদের নিয়ে শান্তি কমিটি গঠন করে পাকসেনাদের বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা করেন। কিন্তু রাতের আঁধারে আবার গোপন বৈঠকে মিলিত হন মুক্তিযোদ্ধাদের সাথে। তিনি মুক্তিযোদ্ধাদের প্রয়োজনীয় তথ্য পরামর্শ, রসদ সবই যুগিয়ে থাকেন। এর ফলে মুক্তিযোদ্ধারা আরও সাহসী হয়ে ওঠে। ফলে দীর্ঘ নয় মাসের যুদ্ধে তাদের গ্রামের কারো একটুকু ক্ষতি হয়নি। আক্কেল মাতব্বর আজ সর্বজনশ্রদ্ধেয়।

ক. গায়ের লোকেরা বুধার নাম কী রেখেছে? ১

খ. 'এখন ওর আর কোনো ভাবনা নেই। মরণেও ভয় নেই' বুধার এরূপ অনুভূতির কারণ কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত পাকসেনাদের আচরণে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা করো। ৩

ঘ. আক্কেল মাতব্বরের সাহসী আচরণ আহাদ মুন্সীর মাঝে ফুটে উঠলে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাহিনী বদলে যেত— যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

## ঘ অংশ — নাটক

১০. ▶ মা কেঁদে কয় 'মঞ্জুরী মোর ওই তো কচি মেয়ে
ওরই সঙ্গে বিয়ে দেবে?— বয়সে ওর চেয়ে
পাঁচগুণো সে বড়ো,
তাকে দেখে বাছা আমার ভয়ে জড়োসড়ো
এমন বিয়ে ঘটতে দেব নাকো।'

ক. হাশেম আলি কীসের ব্যবসা করতে চেয়েছিল? ১

খ. তাহেরা বহিপীরকে বিয়ে করতে রাজি হয়নি কেন? ২

গ. উদ্দীপকের 'মা' 'বহিপীর' নাটকের কার মানসিকতার সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মূলভাব প্রতিষ্ঠাই সৈয়দ ওয়ালীউল্লাহর মূল লক্ষ্য নয়— 'বহিপীর' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. ▶ আব্দুল্লাহর পিতা একজন নামকরা পির ছিলেন। পিতার মৃত্যুর পর মায়ের ইচ্ছা আব্দুল্লাহও পির হয়ে মুরিদের দানে জীবন যাপন করবেন। কিন্তু আব্দুল্লাহ মাকে জানায় হেদায়েতের বিনিময়ে টাকা পয়সা নেয়ার ক্ষেত্রে আল্লাহর রাসুলের নিষেধাজ্ঞা রয়েছে। তাই সে পড়ালেখা শিখে চাকরি কিংবা ব্যবসা করে জীবনে প্রতিষ্ঠিত হতে চায়। আব্দুল্লাহর মা একথা শুনে বলেন, "এই তো ইংরেজি পড়ার দোষ, কেবল তর্ক শেখে, শরিয়ত মানতে চায় না।"

ক. 'বহিপীর' নাটকটি কত সালে প্রকাশিত হয়? ১

খ. জমিদার হাতেম আলির মনে শান্তি নেই কেন? ২

গ. উদ্দীপকের আব্দুল্লাহর সাথে 'বহিপীর' নাটকের হাশেম আলির চেতনাগত যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. আব্দুল্লাহর মা ও জমিদার পত্নী খোদেজা সামাজিক ও ধর্মীয় অন্ধ বিশ্বাস হতে মুক্ত হতে পারেননি— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১০১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **'আমার পরিচয়' কবিতায় 'কমলার দীঘি' ও মহুয়ার পালা' প্রসঙ্গ এনে কবি কী বুঝিয়েছেন?**
ক) সাহিত্যিক ঐতিহ্য
খ) সাংস্কৃতিক ঐতিহ্য
গ) সংগ্রামী চেতনা
ঘ) অসাম্প্রদায়িক চেতনা

২. **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে ডি.লিট উপাধি প্রদান করে কোন বিশ্ববিদ্যালয়?**
ক) ঢাকা বিশ্ববিদ্যালয় খ) কোলকাতা বিশ্ববিদ্যালয়
গ) ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়
ঘ) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"ছিঁড়ি, গোলামির দলিলকে ছিঁড়ি,
বেপরোয়াদের দলে গিয়ে ভিড়ি
খুঁজি কোনখানে স্বর্গের সিঁড়ি
কোথায় প্রাণ'!

৩. **উদ্দীপকের চেতনা 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার মধ্যে ফুটে উঠেছে?**
ক) সাকিনা বিবি খ) হরিদাসী
গ) মোল্লাবাড়ির বিধবা ঘ) মতলব মিয়া

৪. **ফুটে ওঠা চেতনা হলো—**
i. প্রতিবাদী সত্তার জাগরণ
ii. স্বাধীনতার জন্য আত্মত্যাগ
iii. পরাধীনতার গ্লানিমুক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. **'অন্ধবধূ' কবিতায় কার পরশ মায়ের স্নেহের মতো?**
ক) দখিন হাওয়া খ) গৃহকোণ
গ) দিঘির ঘাট ঘ) শীতল জল

৬. **'বই পড়া' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?**
ক) গল্প-সংগ্রহ খ) প্রবন্ধ-সংগ্রহ
গ) প্রবন্ধ-সংকলন ঘ) নির্বাচিত প্রবন্ধ

৭. **'ঝর্ণার গান' কবিতায় 'পরীর গান' বলতে কী বোঝানো হয়েছে?**
ক) নিরবচ্ছিন্ন গতি খ) স্বপ্নলোকের ছবি
গ) নান্দনিক সৌন্দর্য ঘ) শঙ্কাহীন চিত্ত

৮. **'নদীতে বেগুনি রঙের শাপলা থাকে না, পদ্ম-পলাশ থাকে না। খালি কচুরিপানা ভেসে যায়'— তাহেরার এ উক্তিতে কী ফুটে উঠেছে?**
ক) অসহায়ত্ব খ) উদাসীনতা
গ) তুচ্ছতাবোধ ঘ) নির্মোহভাব

৯. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে 'সালেহ আহমেদ' ছদ্মনামে কে খবর পড়তেন?**
ক) আলী যাকের খ) হাসান ইমাম
গ) আলমগীর কবির ঘ) কামরুল হাসান

১০. **'ভারতের পুরুষ সমাজে বাঙালি পুরুষিকা'— কথাটির দ্বারা বাঙালির কোন বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে?**
ক) সৌন্দর্যপ্রিয়তা খ) কোমলতা
গ) শ্রমবিমুখতা ঘ) ভীরুতা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"কে তোমায় বলে বারাঙ্গনা মা,
কে দেয় থুথু ওই গায়ে,
হয়তো তোমায় স্তন্য দিয়েছে
সীতা সম সতী মায়ে"

১১. **কবিতাংশের ভাবের সঙ্গে তোমার পাঠ্য কোন রচনার সাদৃশ্য রয়েছে?**
ক) নিমগাছ খ) পল্লিজননী
গ) আমার সন্তান ঘ) অন্ধবধূ

১২. **সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো—**
i. নারীর অবমূল্যায়ন ii. শাশ্বত মাতৃত্ব
iii. নারীর সম্মান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **'তারা জানে আমি কোনো আগন্তুক নই'— এই চরণে কবি কাদের কথা বলেছেন?**
ক) খররৌদ্র, জলজ বাতাস
খ) জলজ বাতাস, টলমল শিশির
গ) কার্তিকের ধান, চিরোল পাতা
ঘ) নিশিন্দার ছায়া, ধানের মঞ্জরী

১৪. **'পল্লিজননী' কবিতায় সম্মুখে তার ঘোর কুজ্মটি মহাকাল রাত পাতা'— চরণটিতে প্রকাশ পেয়েছে—**
i. সন্তানের মৃত্যু আশঙ্কা
ii. নিরাশার নিস্তব্ধতা iii. রাত্রির নীরবতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. **প্রাকৃত ভাষার ব্যাকরণ রচয়িতারা কোন পারিভাষিক শব্দটি চালু করেন?**
ক) প্রাকৃত খ) তৎসম
গ) অর্ধ-তৎসম ঘ) প্রাচীন ভারতীয় আর্য

https://teachingbd24.com

**১৬. শিক্ষার অপ্রয়োজনীয় দিককে শ্রেষ্ঠ দিক বলা হয়েছে কেন?**

ক) শিক্ষার্জনের মাধ্যমে জীব সত্তাকে টিকিয়ে রাখা যায়
খ) শিক্ষালাভের মাধ্যমে মনুষ্যত্ব জাগ্রত করা যায়
গ) জৈবিক চাহিদা পূরণে মুখ্য ভূমিকা রাখে
ঘ) জীবনকে উপভোগ্য করে তুলতে অনন্য অবদান রাখে

**১৭. লেখকের মুখে 'বামুনদি' ডাকটি শুনে মমতাদি হাসি বন্ধ করল কেন?**

ক) সংকোচের কারণে  খ) লজ্জাশীলতার কারণে
গ) আত্মসম্মানবোধের কারণে
ঘ) দারিদ্র্যের কারণে

**১৮. 'কপোতাক্ষ নদ' কবিতার ষষ্ঠকের ছন্দমিল কোনটি?**

ক) গঘঙ গঘঙ  খ) গঘগ গঘগ
গ) গঘগ ঘগঘ  ঘ) গঘঘ গঘগ

**১৯. 'আমরা কী করিয়া তাহাদের ঠেকাই। আজ না হয় কাল, যাইবেই।'— বাক্যটিতে বহিপীরের কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?**

ক) সহমর্মিতা  খ) বাস্তব জ্ঞান
গ) উদারতা  ঘ) মানবিকতা

"বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়,
অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।"

**২০. কবিতাংশের ভাব তোমার পাঠ্য কোন রচনার মধ্যে খুঁজে পাওয়া যায়?**

ক) শিক্ষা ও মনুষ্যত্ব  খ) বইপড়া
গ) প্রাণ  ঘ) জীবন-সঙ্গীত

**২১. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের মঞ্চ রেসকোর্স ময়দানের কোন প্রান্তে নির্মিত হয়েছিল?**

ক) পূর্ব প্রান্ত  খ) পশ্চিম প্রান্ত
গ) দক্ষিণ প্রান্ত  ঘ) উত্তর প্রান্ত

'আমি চিরতরে দূরে চলে যাব
তবু আমারে দেব না ভুলিতে।'

**২২. উদ্দীপকের ভাবের সাথে তোমার পাঠ্য কোন রচনার ভাবের মিল আছে?**

ক) কপোতাক্ষ নদ  খ) সেইদিন এই মাঠ
গ) প্রাণ  ঘ) জীবন সঙ্গীত

'গাহি সাম্যর গান—
যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান
যেখানে মিছেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রিশ্চান।
গাহি সাম্যের গান।'

**২৩. কবিতাংশের 'মানুষ' কবিতার যে ভাবে ফুটে উঠেছে তা হলো—**

i. সাম্যবাদিতা
ii. অসাম্প্রদায়িকতা
iii. আধ্যাত্মিকতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৪. বিশ্বসাহিত্যে কোনটি সর্বাপেক্ষা প্রাচীন?**

ক) কবিতা  খ) গল্প
গ) নাটক  ঘ) উপন্যাস

**২৫. এখন থেকে তোকে আমি 'জয়বাংলা' বলে ডাকব— এখানে কার কথা বলা হয়েছে?**

ক) ফুলকলি  খ) কুন্তি
গ) বুধা  ঘ) মিঠু

**২৬. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে 'মহাজাগরণের দিন' বলতে বোঝানো হয়েছে—**

i. জাতিগঠনে নতুন চেতনায় উদ্বুদ্ধ হওয়া
ii. স্বাধীনতা আকাঙ্ক্ষায় ঐক্যবদ্ধ হওয়া
iii. বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় প্রত্যয়ী হওয়া

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**

সার্থক জীবন আর  বাহু-বল তার হে,
বাহু-বল তার।
আত্মনাশে যেই করে  দেশের উদ্ধার হে,
দেশের উদ্ধার।

**২৭. কবিতাংশের বক্তব্য 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রে যথাযথভাবে প্রতিফলিত হয়েছে?**

ক) বুধা  খ) মিঠু  গ) মধু  ঘ) আলি

**২৮. প্রতিফলিত দিকটি হলো—**

i. স্বদেশপ্রেম  ii. মানবপ্রেম
iii. স্বাধীনতার আকাঙ্ক্ষা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৯. 'আমার মাথার ওপর হঠাৎ যেন আকাশ ভেঙে পড়েছে' 'বহিপীর' নাটকে উক্তিটি কার?**

ক) তাহেরার  খ) খোদেজার
গ) হাশেম আলির  ঘ) হাতেম আলির

**৩০. 'সকলেরই জীবনীশক্তি কমিয়া আসিয়াছে'— 'পালামৌ' রচনায় কাদের সম্পর্কে এ কথা বলা হয়েছে?**

ক) কোল বালক  খ) কোল যুবক
গ) কোল যুবতী  ঘ) কোল পুরুষ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ |

https://teachingbd24.com